

অর্থ-বাণিজ্য ৫

রিভ সিস্টেমস সেমিনারে বক্তারা  
ভিওআইপি আউটসোর্সিং ব্যবসায়  
সেরা অবস্থানে বাংলাদেশ

যথাদি রিপোর্ট

ভিওআইপি ইন্ডাস্ট্রিতে আউটসোর্সিং ব্যবসার মধ্য দিয়ে ২০১৫ সালে ১ বিলিয়ন মার্কিন ডলার আয়ের সম্ভাবনা দেখা দিয়েছে। এটি বাংলাদেশের আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে নতুন ভবিষ্যতের দুরার উন্মোচন করতে পারে।

বাসিনস সফটওয়্যার ২০১১ এ রিভ সিস্টেমসের আয়োজনে এক সেমিনারে বক্তারা এই বিষয়ে কথা বলেন। আইটি ও টেলিকম ইন্ডাস্ট্রির

২০০ এরও বেশি ব্যক্তি সেমিনারে অংশগ্রহণ করেন।

মূল আলোচনায় রিভ সিস্টেমসের বিপদন পরিচালক সঞ্জিৎ চ্যাটার্জি ভিওআইপি

ইন্ডাস্ট্রির বিভিন্ন সম্ভাবনার কথা উপস্থাপন করেন, যেগুলো বাংলাদেশ উদ্যোক্তাদের মাধ্যমে সম্ভবস্বরূপ করা যাবে। প্যানেল আলোচকদের মধ্যে অন্তর্ভুক্ত ছিলেন ভারতীয় টেলিকম ইন্ডাস্ট্রির প্রতিনিধিবৃন্দ; ভারতীয় মোবাইল অপারেটরদের অর্জন ও আউটসোর্সিং মডেলের সাফল্য সম্পর্কে নিজেদের অভিজ্ঞতার কথা বলেন।

প্যানেল আলোচনায় টাটা টেলিসার্ভিসেসের প্রাক্তন প্রেসিডেন্ট সুকান্ত দে তার সুদীর্ঘ অভিজ্ঞতা থেকে জানান, বিশ্বজুড়ে মোবাইল

অপারেটররা তাদের নিজস্ব বিশেষত্বে মনোযোগ দিচ্ছেন এবং আইটি সার্ভিস, নেটওয়ার্ক ম্যানেজমেন্ট ও কাস্টমার কেয়ার/ বিলিং ডিপার্টমেন্টের জন্য বিশেষায়িত কোম্পানিকে আউটসোর্সিং করছে।

টেকনোব্যাডেন কোম্পানি লিমিটেডের সিইও ও বেসিসের সদ্যবিনায়ী সভাপতি হাবিবুল্লাহ করিম বলেন, বিশ্বের শীর্ষ ৩০ আউটসোর্সিং গণ্ডবোর মধ্যে বাংলাদেশ এরই মধ্যে নিজের স্থান

আইটি/টেলিকম খাতে বাংলাদেশের দক্ষ জনশক্তি রয়েছে এবং সম্ভবনাকে কাজে লাগানোর মতো চমৎকার একটি অবস্থানে রয়েছে



বাংলাদেশ।' প্যানেল আলোচনার সম্মেলক রিভ সিস্টেমসের সিইও এম. রেজাউল হাসান নিজের অভিজ্ঞতার কথা জানিয়ে বলেন, ভিওআইপি সার্ভিস ইন্ডাস্ট্রিতে বাংলাদেশি উদ্যোক্তারা নেতৃত্ব দিচ্ছেন। তিনি এ ব্যাপারে জাপান ও যুক্তরাষ্ট্রের কিছু উদাহরণ উপস্থাপন করেন। তিনি মতামত দেন যে, সবদিক বিবেচনা করে বাংলাদেশেই আইটি ইন্ডাস্ট্রির জন্য বিশ্বের আইপি টেলিফোনি ইন্ডাস্ট্রি থেকে আউটসোর্সিং সেবা নেয়া যেতে পারে।